



পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮/৯/১০)

৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড

ঢাকা-১০০০

[www.pallisanchaybank.gov.bd](http://www.pallisanchaybank.gov.bd)

শেখ হাসিনাই রূপকার  
পল্লী সঞ্চয় ব্যাংক উপহার

স্মারক নং পসব্য/প্রকা/পরি-৫৩/২০২২-২৩/ ২৩২

তারিখ: ৭/০৫/২০২৩

ক) জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা

সকল জেলা, পল্লী সঞ্চয় ব্যাংক।

খ) আঞ্চলিক (নিরীক্ষা) দলনেতাগণ

সকল আঞ্চলিক (নিরীক্ষা) কার্যালয়, পল্লী সঞ্চয় ব্যাংক।

গ) শাখা ব্যবস্থাপক

সকল শাখা, পল্লী সঞ্চয় ব্যাংক।

বিষয়: ঋণ পুন:তফসিলিকরণ / পরিশোধের মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত নীতিমালা-২০২২ সংশোধন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ের উপর আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। পল্লী সঞ্চয় ব্যাংকের পরিচালনা বোর্ডের ১৭.০৪.২০২৩ তারিখের ৯১তম সভার সদয় সিদ্ধান্ত মোতাবেক ব্যাংকের ১৬.০৬.২০২২ তারিখের পসব্য/প্রকা/পরি-৫১/২০২১-২২/৪৫০৮ নং পত্রের মাধ্যমে জারিকৃত ঋণ পুন:তফসিলিকরণ / পরিশোধের মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত নীতিমালা-২০২২ নিম্নবর্ণিতভাবে সংশোধন করা হয়েছে-

জারিকৃত নীতিমালার সংশোধিত অনুচ্ছেদ নং ৩ (তিন):

৩) ক্ষুদ্র ঋণ ও স্বল্পমেয়াদি ঋণের ক্ষেত্রে পুন:তফসিল / ঋণ পরিশোধের মেয়াদ বৃদ্ধি সর্বোচ্চ ৩ (তিন) বার নিম্নবর্ণিতভাবে করা যাবে-

ঋণ পুন:তফসিলের পর্যায়	SS, DF, BL হিসাবে শ্রেণিকৃত ঋণের ক্ষেত্রে	ডাউন পেমেন্টের পরিমাণ
প্রথম পুন:তফসিল	সর্বোচ্চ ০২ (দুই) বছর	অনাদায়ী ঋণের ৫%
দ্বিতীয় পুন:তফসিল	সর্বোচ্চ ০১ (এক) বছর	অনাদায়ী ঋণের ৫%
তৃতীয় পুন:তফসিল	সর্বোচ্চ ০৬ (ছয়) মাস	অনাদায়ী ঋণের ৫%

জারিকৃত নীতিমালার সংশোধিত অনুচ্ছেদ নং ৪ (চার):

৪) এসএমইসহ অন্যান্য ঋণের ক্ষেত্রে পুন:তফসিল / ঋণ পরিশোধের মেয়াদ বৃদ্ধি সর্বোচ্চ ৩ (তিন) বার নিম্নবর্ণিতভাবে করা যাবে-

ঋণ পুন:তফসিলের পর্যায়	নিম্নমান (SS) হিসেবে শ্রেণিকৃত	সন্দেজনক (DF) হিসেবে শ্রেণিকৃত	মন্দ (BL) হিসেবে শ্রেণিকৃত	ডাউন পেমেন্টের পরিমাণ
প্রথম পুন:তফসিল	সর্বোচ্চ ৩৬ মাস	সর্বোচ্চ ২৪ মাস	সর্বোচ্চ ২৪ মাস	অনাদায়ী ঋণের ৫%
দ্বিতীয় পুন:তফসিল	সর্বোচ্চ ২৪ মাস	সর্বোচ্চ ১৮ মাস	সর্বোচ্চ ১৮ মাস	অনাদায়ী ঋণের ৫%
তৃতীয় পুন:তফসিল	সর্বোচ্চ ১২ মাস	সর্বোচ্চ ১২ মাস	সর্বোচ্চ ১২ মাস	অনাদায়ী ঋণের ৫%

০৩। ঋণ পুন:তফসিলিকরণ / পরিশোধের মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত নীতিমালা-২০২২ এ উপরিউক্ত সংশোধন অন্তর্ভুক্ত করে এতদসঙ্গে প্রেরণ করা হলো। নীতিমালার অন্যান্য অংশ অপরিবর্তিত থাকবে।

(শেখ মো: জামিনুর রহমান)

ব্যবস্থাপনা পরিচালক

ফোন (অফিস)- ০২-৫৫১৩৮৫৫৯

তারিখ: ৭/০৫/২০২৩

স্মারক নং পসব্য/প্রকা/পরি-৫৩/২০২২-২৩/ ২৩২(২৪)

অনুলিপি: জ্ঞাতার্থে/কার্যার্থে:

- পিএস, চেয়ারম্যানের সচিবালয়, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
- স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
- স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
- স্টাফ অফিসার, মহাব্যবস্থাপকের দপ্তর (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
- দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (সকল বিভাগ), পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
- প্রোগ্রামার (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনাসহ)
- অফিস নথি।

(মো: তানভীর হাসান মজুমদার)

সিনিয়র অফিসার